55

দৈনিক ইনকিলাব

তারিখ 07 MAY 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

## শিক্ষাঙ্গন

### প্রসংগঃ সেসনজট

অতি সম্প্রতি রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের একটি ঐতিহাসিক সিদ্ধান্ত ছাত্রদের মনে নুতন করে আশার সঞ্চার করেছে। বলাবাহুল্য বাংলাদেশের মধ্যে এই বিশ্ববিদ্যালয়ে সর্বাপেক্ষা সেসনজট চলছিল। চার বছরের অনার্স এবং মাস্টার্স ডিগ্রী অর্জন করতে একজন শিক্ষার্থীর কমপক্ষে ৭/৮ বছর লেগে যেতো। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রতিটি বিভাগকে তাদের স্ব স্ব পরীক্ষা কার্যক্রম পরিচালনা করার জন্য ক্ষমতা প্রদান করেছেন। অর্থাৎ কর্তৃপক্ষ প্রতিটি বিভাগকে আলাদা করে দিয়েছে। এখন থেকে প্রতিটি বিভাগই নির্দিষ্ট পাঠ্যসূচী সমাপ্ত করার সাথে সাথে পরীক্ষা গ্রহণ ও ফলাফল নিজ দায়িত্বে প্রকাশ করতে পারবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাম্প্রতিক সিদ্ধান্তটি পুরোপুরি সেসনজটকে কমাতে না পারলেও অন্ততঃ এক বছরের সাশ্রয় ঘটাবে বলে সকলেই আশাবাদী। এই নীতিটি অব্যাহত থাকলে আশা করা যায় আগামী কয়েক বছরের মধ্যেই সকল সেসনজটের নিরসন ঘটবে। আমরা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সময়োপযোগী সিদ্ধান্তের প্রশংসা জানাচ্ছি।

—মোঃ রফিকুল ইসলাম ফিটু,
রাজশাহী বিশ্ববিদ্যালয়,
রাজশাহী।